



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website : [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd)

স্মারক নং-বামাশিবো/পরী/দাখিল-১৬/৯৬৩

তারিখ: ১০/১১/২০১৬খ্রিঃ

বিষয় : পাবলিক পরীক্ষায় উত্তরপত্র মূল্যায়ণ সম্পর্কিত প্রজ্ঞাপন।


সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক-শাঃ ১০ বোর্ড বিবিধ-১/২০০৩(অংশ)/০৯, তারিখ : ০৫/০১/২০১০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবলিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ণের জন্য নিয়োগপ্রাপ্ত অনেক প্রধান পরীক্ষক ও পরীক্ষক বিভিন্ন অজুহাতে উত্তরপত্র বিতরণের সময় অনুপস্থিত থাকেন। ফলে উত্তরপত্র সঠিক সময়ে বিতরণ করা সম্ভব হয় না। নির্ধারিত সংখ্যক পরীক্ষক উপস্থিত না হওয়ার কারণে স্বল্প সংখ্যক পরীক্ষকদের মধ্যে উত্তরপত্র বিতরণ করতে হয় বিধায় পরীক্ষক প্রতি উত্তরপত্রের সংখ্যা বেড়ে যায়। এতে উত্তরপত্র মূল্যায়ণে বিলম্ব হয় এবং সরকারের পক্ষে নির্ধারিত সময়ে ফলাফল প্রকাশ করা কঠিন হয়ে পড়ে। তদুপরি উত্তরপত্র মূল্যায়ণে ভুল ও অবমূল্যায়ণ হওয়ার আশংকা থাকে।

সুষ্ঠুভাবে পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের স্বার্থে পাবলিক পরীক্ষায় নিয়োগপ্রাপ্ত প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের উত্তরপত্র মূল্যায়নের কাজটি শিক্ষা মন্ত্রণালয় বাধ্যতামূলক করেছে।

শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষককে বিষয়টি অবহিত ও প্রতিপালন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যে সকল শিক্ষক পাবলিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ণ কাজে যথাযথ কারণ ছাড়া অনুপস্থিত হবেন বা অনিহা প্রকাশ করবেন তাঁদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(মোঃ নজমুল হুদা)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮.

ই-মেইল: [controller@bmeb.gov.bd](mailto:controller@bmeb.gov.bd)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের  
আওতাধীন সকল মাদরাসা প্রধান।